১১ সেপ্টেম্বর, ২০২৬

# বরিশালে সমকাল অফিস থেকে সাংবাদিক পুলক চ্যাটার্জির মরদেহ উদ্ধার



সাংবাদিক পুলক চ্যাটার্জি। ছবি: সংগৃহীত

বরিশাল নগরীর প্যারারা রোডে দৈনিক সমকালের কার্যালয় থেকে পত্রিকাটির সাবেক ব্যুরো প্রধান পুলক চ্যাটার্জির মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শুক্রবার (১১ সেপ্টেম্বর) রাতে অফিসের ভেতর থেকে তার মরদেহ উদ্ধার করা হয়।

পুলিশ জানিয়েছে, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে অফিসের দরজা ভেঙে ভেতরে প্রবেশ করে মরদেহটি উদ্ধার করা হয়। প্রাথমিকভাবে মরদেহ ঝুলন্ত অবস্থায় পাওয়া গেছে বলে জানিয়েছে পুলিশ।

সমকালের বরিশাল ব্যুরো প্রধান সুমন চৌধুরী জানান, পুলক চ্যাটার্জির সঙ্গে তার ভালো সম্পর্ক ছিল। সমকাল ছাড়ার পরও নিয়মিত যোগাযোগ রাখতেন তিনি। প্রায়ই অফিসে এসে পত্রিকা পড়তেন। একপর্যায়ে নিয়মিত পত্রিকা পড়তে অফিসে আসার কথা জানিয়ে চাবি চান পুলক। বিষয়টি ঢাকা অফিসকে জানানোর পর তাকে চাবি দেওয়া হয়।

সুমন চৌধুরী বলেন, এক মাসেরও বেশি সময় ধরে পুলক অফিসে আসেননি। শুক্রবার দুপুর পৌনে ৩টার দিকে ফোন করে তার অবস্থান জানতে চান পুলক। তিনি বিকেল ৪টার দিকে অফিসে আসবেন বলে জানান। পরে সন্ধ্যা ৬টার দিকে অফিসে এসে দেখেন, ভেতর থেকে দরজা বন্ধ। দরজার ফাঁক দিয়ে পুলকের মরদেহ ঝুলন্ত অবস্থায় দেখতে পান তিনি। পরে বাড়ির মালিক ও পাশের যুগান্তর কার্যালয়ের লোকজনকে বিষয়টি জানান। এরপর পুলিশ এসে দরজা ভেঙে মরদেহ উদ্ধার করে।

পুলকের ভাই দুলাল ভট্টাচার্য বলেন, তার ভাই খুবই ভীতু স্বভাবের ছিলেন। এমনকি ইনজেকশন দেওয়ার সময়ও ভয় পেতেন। যেভাবে মরদেহ উদ্ধার করা হয়েছে, তা তাদের কাছে স্বাভাবিক মনে হয়নি। তার দাবি, পুলক নিজে গলায় দড়ি দেওয়ার মতো মানুষ ছিলেন না। এ ঘটনায় সুষ্ঠু তদন্তের দাবি জানিয়েছেন তিনি।

বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপপুলিশ কমিশনার সুশান্ত সরকার বলেন, সবার উপস্থিতিতে দরজা খুলে মরদেহ উদ্ধার করা হয়েছে। মৃত্যুর প্রকৃত কারণ জানতে তদন্ত চলছে। সিআইডির একটি দলও কাজ করছে। মরদেহ ময়নাতদন্ত করা হবে।

পুলিশ কমিশনার আবু রায়হান মুহাম্মদ সালেহ্ জানান, ঘটনাস্থল থেকে কয়েকটি নোট পাওয়া গেছে। পুরো বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।